



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
বুড়িচং, কুমিল্লা।



২০২২-২০২৩ অর্থ বছরে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : ডাঃ ইসরাত জেরিন, ইউএলও, বুড়িচং, কুমিল্লা।  
সভার তারিখ : ০৯/০৩/২০২৩খ্রি।  
সভারস্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।  
সময় : বেলা ১১:০০ ঘটিকায়।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যাবলী শুরু করেন। বিগত সময়ের সব হিসাব-নিকাশ বাতিল করে এখন চতুর্থ শিল্প বিপ্লব বা ইন্ডাস্ট্রি ৪.০ হলো আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত উৎপাদন এবং শিল্প ব্যবস্থার স্বয়ংক্রিয়করণের একটি চলমান প্রক্রিয়া। স্বয়ংক্রিয়করণে উন্নত যোগাযোগ এবং স্ব-পর্যবেক্ষণ ব্যবস্থা এবং মানুষের হস্তক্ষেপ ছাড়াই সমস্যার বিশ্লেষণ এবং নিরূপণ করতে সক্ষম স্মার্ট মেশিন তৈরী করার জন্য বড় আকারে মেশিন-টু-মেশিন যোগাযোগ (এমটুএম) এবং ইন্টারনেট অব থিংস (আইওটি) কে একসাথে করা হয়েছে এটিই হলো ৪র্থ শিল্প বিপ্লব।

অতঃপর ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সভায় উপস্থিত বিভিন্ন সদস্য/অংশীজন নিম্নোক্ত মতামত পেশ করেন।

১. সক্ষমতা বৃদ্ধির জন্য কর্মকর্তা/কর্মচারীদের ক্রাউড-সার্ভার, ইন্টারনেট অব থিংস এবং কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ক প্রশিক্ষণ এর আওতায় আনতে হবে।
২. সব শ্রেণি ও পেশার মানুষের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের বিষয়ক ধারণা প্রদান এবং ৪র্থ শিল্প বিপ্লবের সঙ্গে সম্পর্কিত অগ্রসর মান প্রযুক্তি সম্পর্কে জন সচেতনতা তৈরির লক্ষ্যে ব্যাপক প্রচার করতে হবে।
৩. সকল দপ্তর/সংস্থার চাহিদা অনুযায়ী ৪র্থ শিল্প বিপ্লব উপযোগী দ্রুত বাস্তবায়ন যোগ্য একটি প্রকল্প পাইলটিং আকারে বাস্তবায়ন করতে হবে।
৪. বর্তমানে ৪র্থ শিল্প বিপ্লবের কারণে প্রাণিসম্পদ খাতে বিভিন্ন আধুনিক যন্ত্রপাতি ব্যবহার এবং খামারীদের উন্নয়ন ও অর্থনীতি অতুলনীয় ভূমিকা রাখছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৩/২০২৩  
ডাঃ ইসরাত জেরিন  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
বুড়িচং, কুমিল্লা।

স্মারক নং-৩৩.০১.১৯১৮.০০০.০৬.০১৫.২২.৬৬

তারিখঃ ০৯/০৩/২০২৩খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।

০২। সংশ্লিষ্ট নথি।